



কাতার-কুয়েত-আমিরাতে ড্রোন হামলা, মধ্যপ্রাচ্যে নতুন উত্তেজনা



সংগৃহীত ছবি

কাতার, কুয়েত ও সংযুক্ত আরব আমিরাতে ড্রোন হামলার ঘটনা ঘটেছে, এমন এক সময় যখন যুক্তরাষ্ট্র ও ইসরাইলের সঙ্গে ইরানের চলমান ভঙ্গুর যুদ্ধবিরতি মধ্যপ্রাচ্যে নতুন করে উত্তেজনা তৈরি করেছে। হামলার ঘটনায় কাতারের জলসীমায় একটি বাণিজ্যিক জাহাজে আগুন ধরে গেলেও কুয়েত ও আমিরাতে বড় ধরনের ক্ষয়ক্ষতির তথ্য এখনো পাওয়া যায়নি।

ফরাসি বার্তা সংস্থা এএফপি প্রতিবেদনে বলা হয়েছে, সংযুক্ত আরব আমিরাতে আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা রোববার ইরান থেকে নিষ্কিণ্ড অন্তত দুইটি ড্রোন শনাক্ত করে সফলভাবে ধ্বংস করেছে। দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায়, সাম্প্রতিক উত্তেজনা শুরু পর থেকে তারা এখন পর্যন্ত শত শত ক্ষেপণাস্ত্র ও হাজারের বেশি ড্রোন প্রতিহত করেছে।

কাতারের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায়, আবুধাবি থেকে আসা একটি বাণিজ্যিক জাহাজ কাতারের জলসীমায় প্রবেশের সময় ড্রোন হামলার শিকার হয়। মেসাইদ বন্দরের উত্তর-পূর্ব দিকে ঘটে যাওয়া এই ঘটনায় জাহাজে সামান্য আগুন ধরে গেলেও কোনো হতাহতের ঘটনা ঘটেনি। পরে এল্লে দেওয়া বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করা হয়।

এর আগে ব্রিটিশ সামুদ্রিক নিরাপত্তা সংস্থা জানিয়েছিল, দোহার উত্তর-পূর্ব দিকে একটি পণ্যবাহী জাহাজ অজ্ঞাত ক্ষেপণাস্ত্র সদৃশ বস্তুর আঘাতে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে ধারণা করা হচ্ছে। অন্যদিকে কুয়েতের সামরিক বাহিনী রোববার ভোরে ড্রোন হামলার বিষয়টি নিশ্চিত করলেও ক্ষয়ক্ষতির বিস্তারিত এখনো প্রকাশ করেনি।